

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১. ৬৬১

তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

নির্বাহী প্রকৌশলী
ই/এম ডিভিশন
জাতীয় গ্রাহ্যন কর্তৃপক্ষ
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোন-০২ ৯৫৮৫৮৭৮।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

সূত্রঃ (১) আবেদন নথি নং-৩১৯ (পল্লবী), এসই(পিএন্ডডি)-৬৪৯, তাং- ১৪/০৬/২০২১ খ্রিঃ।
(২) গ্রাহ্যন কর্তৃপক্ষের স্মারক নং-২৫.৩৮.০০০০.৬১২.৩৭.০০৩.২১-৮৭৯, তাং- ০৯/০৬/২০২১ খ্রিঃ।

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় গ্রাহ্যন কর্তৃপক্ষের আওতাধীন মিরপুরস্থ সেকশন-১১ এ ভাড়া খরিদ পদ্ধতিতে বস্তিবাসীদের জন্য ভিন্ন ভিন্ন জায়গায় ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের আওতায় ভবন নং-২ এর মোট ১১৭ টি ফ্ল্যাটের জন্য ২৫২ (দুইশত বায়ান্ন) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে আগস্ট-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্রান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (পল্লবী) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো কর্তৃক নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কারনে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। উক্ত ছাড়পত্র আগস্ট-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



২৭/৬/২০২১

(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (পল্লবী)।
- ৪। অফিস কপি।